



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ নড়াইল ১৮/২২৫৫/৬

তারিখঃ ১৬.০৩.২০১৯খ্রিঃ

**বিষয়ঃ মৃত্যু জনিত কারনে পুনরায় ম্যানেজিং কমিটির সভাপতি পদে মনোনয়ন প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলার সদর উপজেলাধীন পলাইডাঙ্গা দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ ইলিয়াছ রহমান মোল্যা গত ০৬/০২/২০১৯ ইং তারিখে মৃত্যুবরণ করায় মাদ্রাসার সুপার পুনরায় সভাপতি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্র সহ আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা ( গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধান মালা ২০০৯ এর প্রবিধান-৮(৫) অনুসারে প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে জনাব মোঃ কাজী সাইব হোসেন কে সভাপতি হিসেবে নির্বাচন করে সভার কার্য বিবরণী অত্র বোর্ডে প্রেরণ করেছেন।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিগত ২৬/০৩/২০১৮ খ্রিঃ তারিখের নং বামাশিবো/প্রশা/২২১১৮১১৮৫১৬১/৬৯৮৬ নথি নং-১৮ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মোঃ কাজী সাইব হোসেন কে সভাপতি পদে মনোনয়ন প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মুঃ

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

সুপার  
পলাইডাঙ্গা দাখিল মাদ্রাসা।  
ডাকঘর - বকুলতলা, উপজেলা-সদর, জেলা-নড়াইল।

নং-বামাশিবো/প্রশা/ নড়াইল ১৮/ ২২৫৫/৬

তারিখঃ ১৬.০৩.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, নড়াইল।
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর নড়াইল।
৩. সভাপতি, পলাইডাঙ্গা দাখিল মাদ্রাসা, ডাকঘর - বকুলতলা, উপজেলা-সদর জেলা-নড়াইল।
৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)।
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মুঃ

মোঃ মজিবুর রহমান  
উপ রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোন নং ৯৬১২৮৫৮